

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



আমাদের শিক্ষার্থী ক্রীড়াবিদদের উদযাপন করছি

প্রিয় নিউ ইয়র্কবাসী,

আমি আমার প্রাক্তন শিক্ষা-প্রতিষ্ঠান (আলমা ম্যাটার), হিলক্রেস্ট হাই স্কুলে, হিলক্রেস্ট-এর দীর্ঘকালীন বাস্কেটবল কোচ, কেন গার্শন (Ken Gershon)-এর সম্মানার্থে স্কুলটির জিম-এর পুনরায় নামকরণ অনুষ্ঠানে সম্প্রতি অংশগ্রহণ করেছিলাম। 30 বছর হিলক্রেস্টের হেড কোচ হিসেবে, তিনি কখনো একটি খেলাতেও অনুপস্থিত থাকেননি।

এবং যদিও আমি ব্যক্তিগতভাবে কোচ গার্শন-এর দলে গৃহীত হইনি (আজও এটা আমার জন্য একটি হতাশা!), তবে তার উৎসর্গ স্থায়ীভাবে ছাপ রেখে গেছে। আমার কাছে, কোচ গার্শন খেলাধুলার শক্তি - ঐক্যবদ্ধ করার, উৎসাহিত করার, আমাদেরকে বিকশিত হবার ও অর্জনের অনুপ্রেরণা জোগানর শক্তির প্রতিনিধিত্ব করে।

সেজন্যে আমাদের পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ (PSAL)-এর শিক্ষার্থী-ক্রীড়াবিদ এবং কোচদের জন্য আমি অত্যন্ত গর্বিত। বিশ্বব্যাপী মহামারী (প্যানডেমিক) আমাদের বহু অ্যাথলেটিক কর্মসূচিতে বিঘ্ন সৃষ্টি করেছে, কিন্তু আমাদের শিক্ষার্থী ও স্টাফগণ অটল থেকেছে। এখন, 3400-টির অধিক দলে 46,000-এর অধিক PSAL ক্রীড়াবিদ সহ, আমরা বিশ্বব্যাপী মহামারীর (প্যানডেমিক) পূর্ববর্তী অংশগ্রহণের সংখ্যা পূরণ করার—এবং আশা করছি অতিক্রম করার—পথে আছি।

আমাদের স্পোর্টস্ টিমগুলো যে শুধু ফিরে এসেছে এবং অন্য যেকোনো সময়ের চেয়ে বেশি শক্তিশালী তাই নয়, বরং আমরা অব্যাহতভাবে সম্প্রসারণ করছি, উন্নতি সাধন করছি, এবং উদ্ভাবন করছি। আমরা নিশ্চিত করতে চাই যে আমাদের শিক্ষার্থীদের বিবিধ খেলাধুলার সম্ভাব্য সুযোগ রয়েছে, সেজন্য সকার, ট্র্যাক, এবং ভলিবল-এর মত নৈমিত্তিক বিকল্পগুলোর পাশাপাশি আমরা ক্রিকেট, ব্যাডমিন্টন, টেবিল টেনিস, রাগবি, এবং ডাবল ডাচ-ও অফার করি। এছাড়াও আমরা কেনেডি ও জেফারসন হাই স্কুল ক্যাম্পাসের খেলার মাঠগুলো থেকে শুরু করে ডিউইট ক্লিনটন হাই স্কুল ক্যাম্পাসের পুল পর্যন্ত আমাদের বেশ কিছু ক্রীড়াঙ্গনের মেরামত এবং সংস্কারের কাজ হাতে নিয়েছি। গত সপ্তাহে আমি ব্রংক্স বরো প্রেসিডেন্ট ভ্যানেসা গিবসন (Vanessa Gibson), সিটি কাউন্সিলম্যানের এরিক ডিনোউইটজ (Eric Dinowitz), এবং NYC পার্কস কমিশনার সু ডনোহুই (Sue Donoghue)-এর সাথে ডিউইট ক্লিনটন পুল-এর ফিতা কাটার অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলাম—এবং সেখানে উদ্দীপনা ছিল সংক্রামক। আমাদের শিক্ষার্থী-ক্রীড়াবিদগণ পুল-টি সদ্যবহার করার জন্য প্রস্তুত।

এছাড়াও আমরা আমাদের শিক্ষার্থীদের খেলাধুলার মধ্য দিয়ে নতুন সব সম্ভাবনা এবং উজ্জ্বল ভবিষ্যতের কথা ভাবতে ক্ষমতায়িত করছি। কলেজ কোচ এবং স্কাউটদের কাছে PSAL ক্রীড়াবিদদের দক্ষতা তুলে ধরার জন্য আমরা সম্প্রতি আমাদের বার্ষিক সফটবল এবং বেসবল শোকেশ-এর আয়োজন করেছি। এবং গত মাসে, ইরাসমাস্ হল ক্যাম্পাস ফুটবল টিম সুদূর লন্ডনে ভ্রমণ করে NFL অ্যাকাডেমি অভ দ্যা UK-এর বিরুদ্ধে প্রতিযোগিতা করেছে। আমরা আমাদের কেন্দ্রীয় অফিসে দলটির জন্য একটি চমৎকার বিদায়ী-অনুষ্ঠানের আয়োজন করেছিলাম, যেখানে আমি তাদের স্মরণ করিয়ে দিয়েছি যে এটা জয়-পরাজয়ের ব্যাপার নয়। এটা হচ্ছে অংশগ্রহণ করার, সর্বোচ্চ চেষ্টা করার, এবং এই অনন্য আন্তর্জাতিক অভিজ্ঞতা অর্জন করার বিষয়। আমার ধারণা কোচ গার্শন (Gershon) একমত হতেন।


আমরা যখন হেমন্তকালীন (ফল) খেলাধুলার মৌসুম সমাপ্তি-পরবর্তী (পোস্টসিজন) কার্যক্রমের পথে অগ্রসর হচ্ছি, আমি আপনাদেরকে আমাদের আসন্ন প্লেঅফ কিংবা চ্যাম্পিয়শিপ খেলাগুলোতে আমাদের সাথে যোগ দিতে উৎসাহিত করছি। আপনার প্রিয় দলের সময়সূচি খুঁজতে, আমাদের PSAL [ওয়েবসাইট](#) দেখুন অথবা [X](#), [ইনস্টাগ্রাম](#), অথবা [থ্রেডস্](#) -এ PSAL - কে অনুসরণ করুন।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি PS+You ইমেইল বার্তাগুলো আর পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্ক্রাইব](#) করুন।